



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/সিলেট-৬৭/৮২

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১
০২ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৫২৮৫/২০২৩ এ প্রদত্ত আদেশ তারিখ: ১২/১২/২০২৩খ্রি দরখাস্ত তাং ১৩/০৯/২০২৩খ্রি.
নিষ্পত্তিকরণ

- সূত্র: (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/সিলেট-৬৭/৫৫, তারিখ: ০২/১১/২০২১খ্রি.
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.১০.০০২.২২.২০২৮, তারিখ: ০৩/০৮/২০২৩খ্রি.
(৩) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৬২৩.৫০২৮, তারিখ: ২৪/০৮/২০২৩খ্রি.
(৪) ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব হরমুজ আলী কর্তৃক প্রেরিত আবেদন, ১৩/০৯/২০২৩খ্রি.
(৫) জনাব আমিনুর রহমান কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং ১৫২৮৫/২০২৩ মামলায় প্রদত্ত আদেশ, তারিখ: ১২/১২/২০২৩খ্রি.
(৬) মাদ্রাসা বোর্ডের স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৬.২৩.৮০৬৭, তারিখ: ১৭/০৪/২০২৪খ্রি.
(৭) জনাব আবু তাহির মোঃ হসাইন এর লিখিত জবাব, তারিখ: ২৩/০৪/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ০১ ও ০২নং স্মারক মোতাবেক সিলেট জেলার বিশ্বনাথ উপজেলাধীন এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসার (ইআইআইএন নম্বর: ১৩০২১০) অধ্যক্ষ জনাব আবু তাহির মোঃ হসাইন এর বিরুদ্ধে সরকারি উন্নয়ন কাজে বাধা দান, মাদ্রাসার আর্থিক ক্ষতি সাধনের অপচেষ্টা, চরমভাবে দায়িত্ব ও কর্তব্যে অবহেলা, মিথ্যা ও আর্থিক অনিয়মের অভিযোগ প্রমাণিত হওয়ায় জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২৩ সংশোধিত) মোতাবেক ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা দেওয়া হয়। সে মোতাবেক মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক বিগত ০৬/০৭/২০২৩খ্রি. তারিখে জনাব আবু তাহির মোঃ হসাইন-কে সাময়িক বরখাস্ত করা হয় যাহা ইতোপূর্বে বোর্ডের দৃষ্টিগোচরীভূত হয়নি ও জনাব আবু তাহির মোঃ হসাইন কর্তৃক বাধ্যতামূলক ছুটি প্রদান বিষয়ে বোর্ডে আবেদন করায় বাধ্যতামূলক ছুটির মেয়াদ শেষ হওয়ায় জনাব আবু তাহির মোঃ হসাইন অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে ০৩নং স্মারকে বোর্ড কর্তৃক পত্র জারী করা হয়।

২। সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ কর্তৃক দায়িত্ব পালন বিষয়ে সূত্রোক্ত ০৪নং স্মারকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব হরমুজ আলী বোর্ডে আবেদন করেন এবং একই বিষয়ে জনাব আমিনুর রহমান মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৫২৮৫/২০২৩ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং ১৫২৮৫/২০২৩ তারিখ: ১২/১২/২০২৩খ্রি. সূত্রোক্ত ০৪নং স্মারকের দরখাস্তটি নিষ্পত্তি করার জন্য আদেশ প্রদান করেন। দরখাস্তটি নিষ্পত্তির জন্য দরখাস্তে বর্ণিত অভিযোগ বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য প্রদান করার জন্য সূত্রোক্ত ০৬নং স্মারকে পত্র জারী করা হয় এবং সূত্রোক্ত ০৭ নং স্মারকে জনাব আবু তাহির মোঃ হসাইন জবাব প্রদান করেন। জনাব আবু তাহির মোঃ হসাইন কর্তৃক প্রদত্ত জবাব পর্যালোচনায়ও সাময়িক বরখাস্তের বিষয়টি স্বীকৃত ও অদ্য পর্যন্ত প্রত্যাহার করা হয়নি মর্মে প্রতীয়মান হয়।

৩। বর্ণিত অবস্থায়, জনাব আবু তাহির মোঃ হসাইন, অধ্যক্ষ সাময়িক বরখাস্ত থাকায় বিধি মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো এবং জনাব আবু তাহির মোঃ হসাইন এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করে তরিং প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। একই সাথে রিট পিটিশন নং ১৫২৮৫/২০২৩ মামলায় প্রদত্ত তারিখ: ১২/১২/২০২৩খ্রি. এর আদেশ মোতাবেক দরখাস্ত ১৩/০৯/২০২৩খ্রি. নিষ্পত্তি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ০২৯৬১২৮৫৮

ইমেইল: registrar@bmeb.gov.bd

১। জনাব আবু তাহির মোঃ হসাইন, অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত)
এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসা, বিশ্বনাথ, সিলেট;

১। ভারপ্রাপ্ত অধ্যক্ষ
এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসা, বিশ্বনাথ, সিলেট।

নং- বামাশিবো/প্রশা/সিলেট-৬৭/৮২(৭)

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১
০২ সেপ্টেম্বর ২০২৪

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট;
২. জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, সিলেট;
৩. উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ, সিলেট (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, বিশ্বনাথ, সিলেট;
৫. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগ্রণী ব্যাংক, পিএলসি-----শাখা, বিশ্বনাথ, সিলেট;
৬. জনাব আমিনুর রহমান, (রিট পিটিশন নং-১৫২৮৫/২০২৩ এর পিটিশনার), বিশ্বনাথ, সিলেট;
৭. অফিস কপি।


০২/০৯/২৪

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ০২২২৩৩৬৪৮৭৪

ইমেইল: dradmin@bmeb.gov.bd


০২/০৯/২৪